

২০১৮

বাংলা

(স্নাতকোত্তর)

পাঠপরিচয় — ১

Course No — BNG-103

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ-ক

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×২

১। 'সো মহ কস্তা

দূর দিগস্তা।

পাউস আএ

চেলু দুলাএ'

— 'পাউস' ও 'চেলু' শব্দের অর্থ লেখো।

(Turn Over)

- ২। ‘বদসি যদি কিঞ্চিদপি দন্তরুচিকৌমুদী’
— চরণটি সম্পূর্ণ করো।
- ৩। ‘তোহর অন্তরে মোএ ঘলিলি হাডেরি মালী’
— এখানে ‘অন্তরে’ ও ‘ঘলিলি’ শব্দ দুটির অর্থ কী?
- ৪। ‘সাক্ষমত চড়িলে দাহিণ বাম মা হোহী’
— এখানে ‘দাহিণ’ ও ‘বাম’ শব্দ দুটির তদ্ভগত অর্থ কী?
- ৫। ‘হরিণা হরিণির নিলঅ ন জাগী’
— এখানে ‘হরিণা’ ও ‘হরিণি’ শব্দ দুটির তাত্ত্বিক অর্থ লেখো।
- ৬। ‘ছিত্তি জুণি জাএ কাহশাঞি সাতেসন্নী হারে।
আর নঠ না করিহ সব অলঙ্কারে।।
— প্রসঙ্গ নির্দেশ করো।
- ৭। “ছোলঙ্গ চিপিয়াঁ নিমঝোলে খেপিলোঁ বিণিজলেঁ চড়াইলোঁ চাউল”
— পংক্তিটির উৎস নির্দেশ করো। ‘ছোলঙ্গ’ শব্দের অর্থ কী?
- ৮। “তনের উপর হারে। আর মানএ যেহেন ভারে।
আতি হ্রদয়ে খিণী রাধা চলিতেঁ না পারে।।”
— উৎস নির্দেশ করো। চরণ দুটিতে কোন্ সংস্কৃত কাব্যের প্রভাব লক্ষ্যগোচর?

বিভাগ-খ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৪

৯। “গজ্জই মেহ কি অম্বর সামর

ফুল্লই নীব কি বুল্লই ভামর।

একল জীএ পরাহিণ অম্মহ

কীলউ পাউস কীলউ বম্মহ।”

— উদ্ধৃতাংশটির অনুবাদ করো।

১০। ‘পততি পতত্রে বিচলিত পত্রে’

— প্রসঙ্গ নির্দেশ করে সংক্ষেপে ব্যাখ্যা করো।

১১। ‘অরে রে বাহিহি কাহু নাব

ছোড়ি ডগমগ কুগই ণ দেহি’

— অংশটির অনুবাদ করে ‘কুগই’ শব্দটির বুৎপত্তি নির্ণয় করো।

১২। ‘উঁচা উঁচা পাবত’

— পদটির কাব্যসৌন্দর্য সংক্ষেপে ব্যাখ্যা করো।

১৩। ‘দুলি দুহি পিটা’

— পদটিতে সমকালের সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয়

দাও।

- ১৪। “এডিএউ ছান্দক বান্ধ করণক পাটের আস।
সুন্নপাখ ভিড়ি লাহ রে পাস।।”
— পদকার কে? অংশটি সংক্ষেপে ব্যাখ্যা করো।
- ১৫। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের দানখণ্ডে কৃষ্ণের কাছে রাখার প্রথম আত্মসমর্পণের
যে চিত্র অঙ্কিত হয়েছে তার পরিচয় দাও।
- ১৬। ‘রাধাবিরহ’ অংশের তথা কাব্যের শেষতম পদে (৪১৮ নং) অভিব্যক্ত
কৃষ্ণচরিত্রের পরিচয় দাও।

বিভাগ-গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×৮

- ১৭। ‘ভৃগুর ভক্তা রক্তক পত্তা’ পদটির মধ্যে বাঙালির খাদ্যাভ্যাস ও বাংলাদেশের
সম্পদের যে পরিচয় পাওয়া যায় তা লেখো।
- ১৮। পাঠ্য পদ-তিনটির নিরিখে ‘গীতগোবিন্দের’ কাব্যশৈলীর পরিচয় দাও।
- ১৯। পাঠ্য পদগুলি নির্ভরে ‘চর্যাপদের’ অন্তর্নিহিত তত্ত্ব-দর্শনের পরিচয় দাও।
- ২০। ‘শ্রীকৃষ্ণকীর্তন’র বংশী খণ্ডে বংশীব্যাকুলা রাখার হৃদয়বেদনার স্বরূপ
বিশ্লেষণ করো।